অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল 5 থেকে 11 বছর বয়সীদের SUNY বা CUNY-র পূর্ণ বৃত্তি জেতার জন্য নতুন টিকা প্রণোদনা প্রোগ্রাম 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' এর বিজয়ীদের প্রথম রাউন্ড ঘোষণা করেছেন

19 ডিসেম্বরের মধ্যে টিকার প্রথম ডোজ গ্রহণকারী 5 থেকে 11 বছর বয়সীদের পিতামাতা ও অভিভাবকেরা লটারির জন্য এখানে নাম লেখাতে পারবে

বৃত্তিতে থাকবে টিউশন, থাকা খাওয়ার ব্যবস্থা

পাঁচ সপ্তাহ ধরে প্রতি সপ্তাহে 10 জন বিজয়ী হবে এবং প্রথম বিজয়ীদের নাম ঘোষিত হয়েছে 24 নভেম্বর; লটারির সময়সূচি উপলভ্যএখানে

আজকে, গভর্নর হোচুল নিউ ইয়র্কের 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' টিকা প্রণোদনা প্রোগ্রামের 10 জন দ্বিতীয় দফার বিজয়ীর নাম ঘোষণা করেছেন।

"'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রোগ্রামটির মাধ্যমে কম বয়সী নিউ ইয়র্কবাসীর জন্য বিনামূল্যে একটি স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University Of New York, SUNY) বা সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (City University Of New York, CUNY) কলেজ বা ইউনিভার্সিটির টিউশন জেতার একটি জীবন-পরিবর্তনকারী সুযোগ প্রদান করে," **গভর্নর হোচুল বলেন।** "আমরা যখন ছুটির মৌসুমে প্রবেশ করতে যাচ্ছি এবং যখন সংক্রমণের ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে, আমাদের জন্য সতর্ক থাকা আবশ্যকভাবে জরুরি। টিকা হল আপনাকে এবং আপনার প্রিয়জনদের নিরাপদ রাখার সবথেকে নিশ্চিত উপায়, এটি বিনামূল্যে ও সহজে পাওয়া যায় এবং সবথেকে গুরুত্বপূর্ণ ব্যাপার হল এটি পাঁচ থেকে 11 বছর বয়সীদের জন্য নিরাপদ।"

19 ডিসেম্বরের মধ্যে টিকার প্রথম ডোজ গ্রহণকারী 5 থেকে 11 বছর বয়সীদের পিতামাতা ও অভিভাবকেরা তাদের সন্তানদের জন্য যেকোনো SUNY বা CUNY কলেজ বা ইউনিভার্সিটির জন্য দুই বা চার বছরের বৃত্তি জেতার সুযোগ পেতে 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রণোদনা প্রোগ্রামে নাম লেখাতে পারবে। বৃত্তিতে থাকবে টিউশন, থাকা ওয়ার ব্যবস্থা।

- **টিউশন:** একটি নিউ ইয়র্ক স্টেট বা সিটি ইউনিভার্সিটিতে স্টেটের টিউশনের সম্পূর্ণ খরচ।

- **টিউশন-বহির্ভূত খরচ:** SUNY কলেজগুলিতে গড় খরচ পর্যন্ত বই, সরঞ্জাম এবং পরিবহনের জন্য ভাতা এবং ঘর ও বোর্ডিং এর খরচ।
- **আবাস:** ক্যাম্পাসে বসবাসকারী শিক্ষার্থীরা যাতায়াত করা ছাত্রদের তুলনায় বেশি ঘর এবং বোর্ড ভাতা পাবেন। ক্যাম্পাসে শিক্ষার্থীদের জন্য আবাসন উপলব্ধ না হলে, তারা ক্যাম্পাসে বসবাসকারী শিক্ষার্থীদের মতো সমান ভাতা পাবেন।

নিচে বিজয়ীদের তালিকা দেওয়া হল। শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষা করতে অন্যান্য সনাক্তকারী তথ্য উপলভ্য করা হয়নি।

- সান্তিয়াগো কে., কিংস কাউন্টি
- নাওমি এফ., সেনেক্টেডি কাউন্টি
- মাইকেল জি., কুইন্স কাউন্টি
- বারুচ ডব্লু., ওয়েস্টচেস্টার কাউন্টি
- অ্যাডালিন ভি., ওননডাগা কাউন্টি
- কিরা এইচ., রকল্যান্ড কাউন্টি
- মাইকেল জি., ফুলটন কাউন্টি
- গ্রিফিন আর., মনরো কাউন্টি
- থিওডোর এফ., কুইন্স কাউন্টি
- সোফিয়া এস., চেমুং কাউন্টি

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রোগ্রামের দ্বিতীয় দফার বিজয়ীদের অভিনন্দন কোভিড-19 থেকে সুরক্ষিত হওয়ার জন্য এবং তাদের জন্য CUNY-তে একটি প্রভাবশালী উচ্চমানের শিক্ষালাভের সুযোগ অপেক্ষারত থাকার জন্য। আমাদের শিশুদের টিকাকরণের গুরুত্ব সম্পর্কে অবগত করার জন্য আমরা গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই এবং নিউ ইয়র্ক জুড়ে বাবা-মা এবং অভিভাবকদের প্রশংসা করি তাদের শিশুদের সুরক্ষিত রাখার জন্য এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার জন্য, এবং অন্যান্যদেরও একই কাজ করার জন্য।"

SUNY চ্যান্সেলর জিম ম্যালাট্রাস বলেন, "আমাদের সে সব কিছু করতে হবে এই মহামারী শেষ করার জন্য এবং তা করার জন্য সেরা এবং সব থেকে নিরাপদ উপায় হল টিকাকরণ অব্যাহত রাখা।আমি গভর্নর হোচুলকে নিউ ইয়র্কবাসীদের এই ভাইরাস থেকে সুরক্ষিত রাখা অব্যাহত রাখার উদ্দেশ্যে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই। আমি ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট টিকার বৃত্তি প্রণোদনার কর্মসূচির দ্বিতীয় দফার বিজয়ীদের অভিনন্দন জানাই যারা এখন আমাদের বিশ্বমানের SUNY স্কুলের টিউশনে বিনামূল্যে উপস্থিত হওয়ার সুযোগ পাবেন এবং তার সাথে নিজেদের এবং নিজেদের পরিবারকে সুরক্ষিত রাখার জন্য তাদের ভূমিকাও পালন করবেন।"

নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশনের (New York State Higher Education Services Corporation) প্রেসিডেন্ট ডাঃ গুইলারমো লিনারেস বলেন, "ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট টিকার বৃত্তি প্রণোদনা প্রতিযোগিতার দ্বিতীয় সপ্তাহের বিজয়ীদের অভিনন্দন জানাই! এই কর্মসূচীটি 5-11 বছর বয়সী শিক্ষার্থীদের বাবা-মায়েদের

প্রণোদনা প্রদান করতে সহায়তা করছে টিকা নেওয়ার জন্য এবং নিজেদের, তাদের পরিবারদের এবং তাদের বন্ধুদের সুরক্ষিত করার জন্য এবং তাদের স্কুলের ক্যাম্পাসগুলি করনাভাইরাস থেকে নিরাপদ করার জন্য। আমি যোগ্য সবাইকে উৎসাহ প্রদান করি টিকা নেওয়ার জন্য এবং বিস্তার রোধ করতে সাহায্য করার জন্য,"

পিতামাতা ও অভিভাবকেরা তাদের যোগ্য সন্তানের পক্ষে নাম লেখাতে পারবেন এখানে এবং ইন্টারনেট সংযোগহীন সবাই ফোনের মাধ্যমে নাম লেখানোর জন্য1-833-697-4829 নম্বরে ফোন করতে পারে।. নিউ ইয়র্ক স্টেট প্রতি সপ্তাহে লটারি করবে, এবং বিজয়ীদের যাচাই করবে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health) এবং নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন।

প্রতি শিশুর জন্য শুধুমাত্র একটি এন্ট্রি গ্রহণ করা হবে এবং শিশুদের এন্ট্রির অন্তত একদিন আগে তাদের প্রথম কোভিড-19 টিকা নিতে হবে। সমস্ত 'ভ্যাকসিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রোগ্রামের ড্রয়িংগুলির মাধ্যমে এন্ট্রি করা হবে। অতিরিক্ত তথ্য পাওয়া যাবে সরকারি নিয়মাবলী-তে।

এছাড়াও, বাবা-মা এবং অভিভাবকদের রাজ্যের নতুন ওয়েবসাইটny.gov/vaxforkids,, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন, , এবং নতুন সংস্থান এ যাওয়ার জন্য উৎসাহ দেওয়া হচ্ছে শিশুদের জন্য কোভিড-19 টিকা সম্পর্কিত তথ্যের উদ্দেশ্যে। রাজ্য সম্প্রতি পেডিয়াট্রিক প্রদানকারীদের এবং অকুস্থলে থাকা শিশুদের টিকা প্রদানকারী এলাকাগুলিকে সহায়তা করার জন্য তৈরি-করা-সামগ্রী যোগ করেছে নতুন পোস্টার এবং স্টিকার সহ, যা এখানে উপলভ্য।

নিউ ইয়র্কবাসীরা যারা 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারন করতে চান তারা তাদের শিশুর শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলগতভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা ফার্মেসি, যেগুলি এই বয়সী গ্রুপের জন্য টিকাকরণ পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। বাবা-মা এবং অভিভাবকরা vaccines.gov-এ যেতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা কাছাকাছি অবস্থানগুলি খুঁজে পেতে 1-800-232-0233 নম্বরে কল করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়সের গোষ্ঠীর জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়। এই সময়ে, নিউ ইয়র্ক স্টেটের গণ টিকা দেওয়ার সাইটগুলি বর্তমানে 12 বছর বা তার বেশি বয়সের মানুষদের জন্য ব্যবহার করা হচ্ছে, এবং আমাদের #VaxToSchool পপ-আপগুলি 12- থেকে 17 বছর বয়সীদের উপর নজর কেন্দ্রীভূত করে আছে। যে অতিরিক্ত প্রোগ্রামিং এবং ইভেন্টগুলি 5 - 11 বছর বয়সীদের উপর নজর কেন্দ্রীভূত করে, সেগুলির কথা শীঘ্রই ঘোষণা করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418